10

ভোরের কাগজ

তারিখ FEB. 2. 1999
পৃষ্ঠা 2 কলাম 6

# শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত কমিটির দুটি রিপোর্ট সংসদে উপস্থাপন

কাগজ প্রতিবেদক : শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি নুরুল ইসলাম নাহিদ গতকাল সংসদে তার কমিটির দুটি রিপোর্ট উপস্থাপন করেছেন। রিপোর্ট দুটিতে পরীক্ষা-নিরীক্ষার জন্য কমিটিতে পাঠানো ঢাকা বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল ১৯৯৮ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল ১৯৮৮ সম্পর্কে কমিটির মতামত পেশ করা হয়। রিপোর্টে কমিটির বিএনপি দলীয় দুই সদস্য আলমগীর কবির ও মশিউর রহমানের 'নোট অব ডিসেন্ট'ও অন্তর্ভুক্ত ছিল।

নুরুল ইসলাম নাহিদ তার উপস্থাপিত রিপোর্টে বিল দুটি যেভাবে সংসদে পেশ করা হয়েছে সেভাবেই পাস করার সুপারিশ করেন। বিলে বিশ্ববিদ্যালয় দুটিতে একজন প্রোভিসির বেদলে এক বা একাধিক প্রোভিসি নিয়োগের প্রস্তাব করা হয়েছে। বিএনপি দলীয় দুই সাংসদ তাদের নোট অব ডিসেন্টে 'এক বা একাধিক' না করে প্রোভিসির সংখ্যা নির্দিষ্ট করে দেওয়ার সুপারিশ করেন।

রিপোর্ট দুটি উপস্থাপনের আগে বিএনপি সাংসদ সাবেক শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার বিল দুটির বিরোধিতা করেন। জবাবে অধিবেশনের সভাপতি ডেপুটি স্পিকার এডভোকেট আবদুল হামিদ ও সরকারি দলের সাংসদ সুরঞ্জিত সেনগুপ্ত বলেন, এ পর্যায়ে এ আলোচনা হতে পারে না। সুরঞ্জিত সেনগুপ্ত তার বক্তব্যের বেশিরভাগই দেন ইংরেজিতে।